সমকাল

তারিখ 13 JAN 2015
পৃষ্ঠা ২ কলাম ৮

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস উদযাপিত

■ জাবি সংবাদদতা

'নবীনের জয় হোক প্রবীণের হাত ধরে' এ স্লোগানে বর্ণাঢ্য আয়োজনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস পালিত হয়েছে।

প্রতি বছরের ধারাবাহিকতায় গতকাল সোমবারও সকাল ১০টায় বিজনেস স্টাডিজ চত্বরে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচি শুরু হয়। প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম জাতীয় পতাকা এবং বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। উদ্বোধনী ভাষণে উপাচার্য বলেন, বিগত সময়ের গ্লানি মুছে ফেলে এ বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নেওয়ার দৃঢ় শপথ নিতে হবে।

এরপর উপাচার্যের নেতৃত্বে এক আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ও বর্তমান শিক্ষক, শিক্ষার্থী, অফিসার, কর্মচারী, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের শিক্ষক-শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এ শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে সেলিম আল দীন মুক্তমঞ্চে গিয়ে শেষ হয়। বেলা ১১টায় সেখানে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রেজিস্ট্রার আবু বকর সিদ্দিকের পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল খায়ের বক্তব্য রাখেন। এরপর পুতুলনাচ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান শেষ হয়। ১৯৭১ সালের ১২ জানুয়ারি পূর্ব পাকিস্তানের গভর্নর রিয়ার অ্যাডমিরাল এসএম আহসান বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন বলে দিনটিকে প্রতিষ্ঠাবার্ষিকী হিসেবে পালন করা হয়।